# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**07 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্য থেকে অবৈধ অনুপ্রবেশকারী বহিষ্কার করতে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

২) এন আর সিতে নাম পঞ্জীয়নের জন্য আবেদন করা প্রাপ্তবয়স্ক লোকেরা নতুন করে আধার কার্ড লাভ করবেন বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা ।

৩) দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসাম তথা বরাক উপত্যকায়ও আজ ধর্মীয় রীতি-নীতি এবং উৎসাহ উদ্দিপনায় সিদ্ধিদাতা গণেশ পূজার সূচনা ।

এবং

৪) প্যারিস পেরালিম্পিকে এ পর্যন্ত ভারতের সর্বাধিক ২৭টি পদক লাভ ।

---

রাজ্য থেকে অবৈধ অনুপ্রবেশকারীকে বহিষ্কার করতে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন । তিনি বলেন যে কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলির সঙ্গে সমন্বয় রক্ষা ,অতিরিক্ত সুরক্ষা কর্মী মোতায়েন ও তদারকী ব্যাবস্থা শক্তিশলী করা সহ সরকার গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে নির্দেশ জারী করেছে । এর দ্বারা বিদেশী নাগরিককে শনাক্তকরণ প্রক্রিয়া দ্রুত ও ত্বরান্বিত করে তোলা হবে । চলতি বছরের জানুয়ারী থেকে ৫৪ জন

অনুপ্রবেশকারীকে শনাক্ত করা হয়েছে এবং এরমধ্যে ৪৮ জনই করিমগঞ্জ জেলার বলে মূখ্যমন্ত্রী জানান ।একইভাবে রাজ্যসরকার সীমান্ত অঞ্চলে প্রহরা ব্যাবস্থা কঠোর করা সহ গোয়েন্দা সংস্থাকে শক্তিশালী করার জন্যও ব্যাবস্থা গ্রহণ করেছে ।এছাড়া শণাক্ত করা সব অনুপ্রবেশকারীর বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে আইনী ব্যাবস্থা গ্রহণ করার বিষয়টি নিশ্চিত করবে বলেও তিনি উল্লেখ করেন । কেন্দ্রীয় সরকারের নির্দেশে পূর্বে বন্ধ থাকা ৯ লক্ষ ৫৫ হাজার আধার কার্ড বন্টনের ব্যাবস্থা করা হলেও ধুবরী-গোয়ালপাড়া সহ রাজ্যের বেশকয়েকটি জেলায় জনসংখ্যা থেকে অধিক আধার কার্ড জারি হয়েছে এবং কার্ড লাভ করা ব্যাক্তিদের মধ্যে বিদেশী নাগরিকরয়েছে বলে সন্দেহ করা হচ্ছে । এর পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার ২০১৪ সালে অর্থাৎ প্রারম্ভিক অবস্থায় এন আর সিতে নাম পঞ্জীয়নের জন্য আবেদন করা লোকেরাই আধার কার্ড লাভ করতে পারবেন বলে ১০ দিনের মধ্যে নির্দেশ জারী করা হবে বলে মূখ্যমন্ত্রী জানান । আধার কার্ড বন্টনের ক্ষেত্রে রাজ্যসরকার সব দিক বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে তিনি উল্লেখ করেন । এদিকে চা বাগানের লোকেদের জন্য আধারকার্ড প্রদানের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না বলে তিনি জানান । আগামী পয়লা অক্টোবর থেকে নতুন করে রাজ্যে প্রাপ্ত বয়স্ক লোকেদের আধারকার্ড লাভ করার ক্ষেত্রে নির্ধারিত পুঙ্খানুপুঙ্খ নীতি নিয়মের মাধ্যমে ব্যাবস্থা গ্রহণ করা হবে বলে তিনি উল্লেখ করেন ।

---

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নত করে তুলতে পুলিশ এবং সাধারণ নাগরিকের মধ্যে পারষ্পরিক সহযোগিতার ভিত্তিতে থানা পর্যায়ে নাগরিক সমিতি গঠন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । গৌহাটির শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত নবগঠিত এই নাগরিক সমিতিগুলির সম্মিলনে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের পুলিশ এবং জনসাধারণের মধ্যে সহযোগিতা শক্তিশালী করে তুলতে এই সমিতি গঠন করা সরকারের একটি দীর্ঘদিনের স্বপ্ন ছিল । এর মাধ্যমে জনসাধারণ এবং পুলিশ প্রশাসনের মধ্যে ব্যবধান হ্রাস করে রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি অধিক উন্নত করা সহ নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করা সহজ হবে বলে তিনি উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন যে নাগরিক সমিতিগুলি অপরাধে ভুক্তভোগী বিশেষ করে মহিলা ও শিশুদের সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । এছাড়াও এজাহার দাখিল করা সহ অন্যান্য সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে জনসাধারণকে এই নাগরিক সমিতিগুলি সহায়তা করবে । বর্তমানে রাজ্যে ৩শো ৬৫টি থানা রয়েছে বলে প্রকাশ করে তিনি বলেন যে এর মধ্যে ২৮টি সি আই ডি ,

সাইবার এবং রেল পুলিশ থানা ছড়া ৩শো ৭টি থানায় নাগরিক সমিতি গঠন করার কাছ সম্পূর্ণ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী জাতীয় শিশু পুরস্কার - ২০২৫ এর জন্য মনোনোয়নপত্র দাখিল করার সমাপ্তি দিন আগামী ১৫ সেপ্টম্বর ধার্য করা হয়েছে । এই পুরস্কারের মাধ্যমে শিশুদের মধ্যে থাকা অর্ন্তনিহিত শক্তি , দৃঢ়তা এবং যোগ্যতাকে উৎসাহ প্রদান করা হয় । ৫ বছর বয়সের উর্দ্ধ এবং ১৮ বছর বয়সের অনুর্ধ শিশুদের এই পুরস্কারের জন্য নির্বাচিত করা হয় । উল্লেখ্য যে মহিলা ও শিশু বিকাশ মন্ত্রনালয় প্রতি বছর জানুয়ারী মাসে এই পুরস্কার প্রদান করে । চলতি বছরের পুরস্কার প্রাপকদের নাম আগামী ২৬ ডিসেম্বর বীর শিশু দিবসের দিন ঘোষণা করা হবে ।

------------------------------------------------------------------------------------

মনিপুরের বিভিন্ন অঞ্চলে আজ ভোরে সংঘটিত গুলাগুলির ঘটনায় ৬ জন নিতহ এবং অন্যান্য কয়েকজন আহত হয়েছেন । আজ ভোরে মনিপুরের জিরিবাম জেলায় বাড়িতে ঘুমিয়ে থাকা অবস্থায় একজন লোককে সন্দেহভাজন উগ্রপন্থীরা মাথায় গুলি করে হত্যা করে । পরে জিরিবাম থানার অধীন নাংসেপিতে দুটি গোষ্ঠীর মধ্যে গুলাগুলির ঘটনা সংঘটিত হয় । এই ঘটনায় ৩ জন সন্দেহভাজন উগ্রপন্থী সহ আরো ৪ জন সাধারণ নাগরিকের মৃত্যু হয় । কালসিং জেলার তাংজেং খুনজাওতে গুলাগুলির ঘটনায় আরো ২ জন লোক আহত হয়েছেন । আহতদের চিকিৎসার জন্য নিকটবর্তী হাসপাতালে ভর্তী করা হয়েছে । অন্যদিকে গতকাল মইরাং শহরে স্থানীয়ভাবে নির্মীত রকেট বোমার বিষফোরণে ১ জন লোকের মৃত্যু হয় এবং ৫ জন আহত হন । এই ঘটনার পর গতকাল রাতে বহু সংখ্যক লোক মনিপুর রাইফেলস ব্যাটেলিয়নের ২টি শিবির ঘেরাও করে অস্ত্র-শস্ত্র এবং গুলাবারুদ লুট করার চেষ্টা করে । তবে নিরাপত্তা বাহিনী পরিস্থিতি নয়ন্ত্রনে আনতে সক্ষম হয় ।

------------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আসাম , মেঘালয় , নাগাল্যান্ড , মনিপুর , মিজোরাম , এবং ত্রিপুরায় আগামী সাত দিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আগাম সতর্কাতা জারী করেছে । একই সঙ্গে বিভাগ জানিয়েছে যে এই সময় গুজরাট , মহারাষ্ট্র এবং পূর্ব রাজস্থানেও আগামী ২ দিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

------------------------------------------------------------------------------------

দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও আজ ধর্মীয় রীতিনীতি ও উৎসাহ উদ্দীপনায় সিদ্ধিদাতা ,বিঘ্ননাশক  গণেশ দেবতার পূজা অর্চনা করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ

বরাক উপত্যকা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের মন্দিরগুলিতে অগণিত ভক্ত সমাগম পরিলক্ষিত হয়েছে । আজ গণেশ চতুর্থী  উপলক্ষ্যে সকাল থেকেই উপত্যকার তিন জেলার গণেশ মন্দির এবং অস্থায়ী গণেশ পূজো প্যান্ডেলগুলিতে সিদ্ধিদাতার বন্দনায় ভক্তরা মেতে ওঠেন । শিলচরের রাঙ্গিরখাড়ি , জানিগঞ্জ ,তারাপুর ই এন্ড ডি কলোনী ইত্যাদি স্থানে তিনদিনব্যাপী গণেশ পূজার আয়োজন করা হয়েছে ।
এদিকে করিমগঞ্জ জেলায়ও ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে  গণেশ চতুর্থী পালন করা হচ্ছে । বদরপুর এস টি রোডে ৫ দিনব্যাপী আয়োজিত এই পূজার সঙ্গে সঙ্গতি রেখে শিশুদের মধ্যে বিভিন্ন প্রতিযোগীতারও আয়োজন করা হয়েছে এবং সন্ধ্যায় বিশেষ প্রসাদেরও ব্যাবস্থা করা হয়েছে ।

অনুরূপভাবে হাইলাকান্দি জেলার বিভিন্ন স্থানেও আজ ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে গণেশ চতুর্থী পালন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পবিত্র উৎসব গণেশ চতুর্থী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি বার্তায় রাষ্ট্রপতি শ্রমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে এই উৎসব দেশের বিভিন্ন প্রান্তে সার্বজনীন উৎসব হিসেবে পালিত হয় এবং বর্তমানে এই উৎসব ভারতের সামাজিক শক্তির একটি অন্যতম প্রকৃষ্ট উদহরণ হয়ে ওঠেছে । তিনি বলেন যে ভারতীয় পরম্পরায় ভগবাণ গণেশকে বিঘ্ন নাশক হিসেবে গণ্য করা হয় এবং সবাইকে দুর্যোগ মুক্ত করে সমৃদ্ধশালী করে তোলতে গণেশের কাছে প্রার্থনা জানানো হয় ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও গণেশ চতুর্থী উপলক্ষে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সবার সমৃদ্ধির জন্য ভগবাণ গণেশের কাছে প্রার্থনা করেছেন ।

-------------------------------------------------------------------------------------------

ভারত প্যারিস প্যারা অলিম্পিকে এপর্যন্ত ২৭ টি পদক লাভ করে অলিম্পিকে সর্বাধিক পদক লাভ করার গৌরব অর্জন করেছে ।২৭ টি পদকের মধ্যে ৬ টি সোনা , ৯ টি রূপো এবং ১২ টি ব্রোঞ্জ পদক রয়েছে ।আর্চারীতে সোনার পদক বিজয়ী হরবিন্দর সিং এবং স্প্রীন্টার পৃথবী পাল প্যারা অলিম্পিক্সের পদক লাভ করার ক্ষেত্রে রেকর্ড সৃষ্টি করেছে এবং তাঁরা আগামীকাল প্যারা অলিম্পিকে সমাপ্তি অনুষ্ঠানে দেশের পতাকা বহন করবেন ।এদিকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্যারিস প্যারা

অলিম্পিকে পুরুষদের শট-পুটে এফ - ৫৭ ইভেন্টে ব্রোঞ্জ পদক লাভ করা হকাট হটঝে সেমাকে অভিনন্দন জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের এক নির্দেশে করিমগঞ্জ পুলিশে ব্যাপক রদবদল করা হয়েছে । গতকাল এক নির্দেশে বদরপুর থানার ভারপ্রাপ্ত আধিকারীক সোমেশ্বর কোঁয়রকে পাথারকান্দি থানায় বদলি করা হয়েছে এবং রাতাবাড়ি থানার ভারপ্রাপ্ত আধিকারীক উত্তম অধিকারীকে বদরপুর থানায় বদলি করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

আসাম সরকারের উপ-বিভাগীয় কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ন্যাশনেল স্কলারশিপ পোর্টালের মাধ্যমে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য তপশিলী জাতি ও এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর অধীন আসামের ছাত্রদের ক্ষেত্রে প্রাক্-মেট্রিক এবং পোস্ট মেট্রিক বৃত্তির জন্য ডব্লিউ ডব্লিউ ডব্লিউ ডট স্কলারশিপস ডট জিওভি ডট ইন এ নতুন এবং নবায়ন আবেদনের আমন্ত্রণ জানানো হয়েছে । শুধুমাত্র সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তপশিলী জাতি ও এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর শিক্ষার্থীদের জন্য অনলাইন পোর্টালের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে । শিক্ষার্থীদের পিতা মাতার বার্ষিক আয় আড়াই লক্ষ টাকার বেশী হতে পারবে না বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

জাতীয় নেত্রদান পক্ষ উপলক্ষে আজ লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা অন্ধত্ব নিবারণী সমিতির সহযোগিতায় লালার চন্দ্রপুর বাইপাসের লায়ন্স ভিশন সেন্টারে চক্ষুদানের গুরুত্ব নিয়ে এক সচেতনতা সভা এবং বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয় ।ক্লাবের সভাপতি নরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় চক্ষু চিকিৎসক ডাঃ সুমনা দাস ভট্টাচার্য নেত্রদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ।এদিকে চক্ষু পরীক্ষা শিবিরে ১০০ ’র বেশী রোগীর চোখ পরীক্ষা করে ১৬ জনের ছানি সনাক্ত করা হয় এবং ওষুধ বিতরণ করা হয় । ছানি পড়া রোগীদের আগামী সপ্তাহে হাইলাকান্দি এস কে রায় সিভিল হাসপাতালে বিনামূল্যে অস্ত্রপোচার করা হবে ।

------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটাখাল বাইপাসে আজ এক ভয়াবহ সড়ক দূর্ঘটনায় একজন মহিলা সহ ৪ জন নিহত এবং মহিলা ও শিশু সহ কম করেও ৬ জন লোক গুরুতর আহত হয়েছেন ।আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে আজ দুপুর দুটো

নাগাদ ৫৩ নম্বর জাতীয় সড়কের কাটাখাল বাইপাসে একটি অল্টো গাড়ির সঙ্গে বিপরীত দিক থেকে আসা ইয়োন গাড়ির মুখোমুখি সংঘর্ষের ফলে এই দূর্ঘটনা সংঘঠিত হয় । দূর্ঘটনার পর পাশের জলাশয়ে পড়ে একটি শিশু সন্ধানহীন রয়েছে ।পুলিশ এবং স্থানীয় লোকেরা শিশুটিকে উদ্ধারের জন্য অভিযান আরম্ভ করেছে ।আহত লোকেদের উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রেরণ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ থেকে একুইট এনকেফেলাইটিস সিনড্রোম এবং জাপানিজ এনকেফেলাইটিস ই আক্রান্ত রোগীদের বেসরকারী হাসপাতালে চিকিৎসা করানোর ব্যয় বাবদ এবং ওই পরিবারের আর্থিক চাপ লাঘব করতে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে । এরই অঙ্গ হিসেবে গতকাল করিমগঞ্জে তিনজন রোগীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে ।করিমগঞ্জ স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডা:সুমনা নাইডিং ,জাতীয় স্বাস্থ্য মিশনের ডিস্ট্রিক্ট একাউন্ট ম্যানেজার শংকরলাল দে ,জাতীয় স্বাস্থ্য মিশনের ডি এম ই সুমন চৌধুরী এবং এনসিভিবিডিসির জেলা পরামর্শদাতা দেবজিত দের উপস্থিতিতে পাথারকান্দি ব্লকের অধীন তিনজন রোগীকে এই সহায়তা অর্থ প্রদান করা হয় ।

--------------------------------------------------------------------------------